►トピック 好きな食べ物

# 第5課 うどんが好きです

どんな食べ物が好きですか？　嫌いな食べ物がありますか？

আপনি কোন খাবার পছন্দ করেন? আপনি কোন খাবার অপছন্দ করেন?

## 1. 魚、好きですか？

can-do 16 **食べ物の好き嫌いを聞かれたとき、答えることができる。**

খাবারের পছন্দ বা অপছন্দের বস্তু সম্পর্কে প্রশ্ন করা হলে, উত্তর প্রদান করতে পারবেন।

### 1 会話を聞きましょう。

কথোপকথনটি শুনুন।




► カムラーさん、マリさん、ルイスさん、佐々木さんの４人が、会社の食堂で、昼ご飯を食べながら話しています。

খামলার-সান, মারি-সান, লুইস-সান এবং সাসাকি-সান কোম্পানির ক্যা-ফেটেরিয়ায় দুপুরের খাবার খাওয়ার সময় কথা বলছেন।




（１） ４人の好きなものに○、嫌いなものに×を書きましょう。言っていないときは、「—」を書きましょう。

তাদের পছন্দের খাবারগুলিতে ○ এবং অপছন্দের খাবারগুলিতে × লিখুন। উল্লেখ করা না হলে "—" লিখুন।

| 好きですか？<br>এটি পছন্দ করেন কি? | 魚  | 肉  | 野菜  |
|---|---|---|---|
| ① カムラーさん 05-01 | | | |
| ② マリさん 05-02 | | | |
| ③ ルイスさん 05-03 | | | |
| ④ 佐々木さん 05-04 | | | |



©The Japan Foundation

## 形に注目

（１）音声を聞いて、＿＿＿＿＿にことばを書きましょう。 05-05

রেকর্ডিংটি শুনুন এবং শূন্যস্থান পূরণ করুন।

A：魚、＿＿＿＿＿ですか？

B：はい、＿＿＿＿＿です。

(私は) 魚＿＿＿＿好き＿＿＿＿＿＿＿＿です。

肉と野菜＿＿＿＿好きです。

私は魚＿＿＿＿好きです。野菜＿＿＿＿好きです。

肉＿＿＿＿好き＿＿＿＿＿＿＿＿です。

! 好きなものを言うとき、どう言っていましたか。 ➡文法ノート❶

বক্তারা কি পছন্দ করেন, তা বলার জন্য কোন ধরণের অভিব্যক্তি ব্যবহার করা হয়েছিল?

! 好きじゃないものを言うとき、どう言っていましたか。 ➡文法ノート❶

বক্তারা কি পছন্দ করেন না, তা বলার জন্য কোন ধরণের অভিব্যক্তি ব্যবহার করা হয়েছিল?


（２）形に注目して、会話をもういちど聞きましょう。 05-01 ～ 05-04

ব্যবহৃত অভিব্যক্তির উপর মনোযোগ দিন এবং কথোপকথনটি আবার শুনুন।


©The Japan Foundation

## 2 食べ物の好き嫌いを言いましょう。

আপনার পছন্দ এবং অপছন্দের খাবার সম্পর্কে কথা বলুন।




（1） 会話を聞きましょう。 05-06 05-07 05-08

কথোপকথনটি শুনুন।

（2） シャドーイングしましょう。 05-06 05-07 05-08

কথোপকথনটি ছায়ার মতো অনুকরণ করুন।

（3） いろいろな食べ物について、好きか好きじゃないか、お互いに聞きましょう。

বিভিন্ন ধরণের খাবার পছন্দ বা অপছন্দ করেন কিনা, সে সম্পর্কে একে অপরকে প্রশ্ন করুন।


©The Japan Foundation


## 2. わさびは、ちょっと…

can-do 17
日本（にほん）の食（た）べ物（もの）について、好（す）き嫌（きら）いを質問（しつもん）したり、質問（しつもん）に答（こた）えたりすることができる。
পছন্দ বা অপছন্দের জাপানি খাবার সম্পর্কে প্রশ্ন করা, প্রশ্নের উত্তর প্রদান করতে পারবেন।

### 1 ことばの準備（じゅんび）
শব্দের জন্য প্রস্তুতি

【日本（にほん）の食（た）べ物（もの） জাপানি খাবার 】


a. 刺身（さしみ）




b. すし




c. 天（てん）ぷら




d. 牛丼（ぎゅうどん）




e. カレー




f. ラーメン




g. うどん




h. そば




i. 納豆（なっとう）



j. 梅干（うめぼ）し



k. わさび



（1）絵（え）を見（み）ながら聞（き）きましょう。 05-09
চিত্রগুলো দেখতে দেখতে শুনুন।

（2）聞（き）いて言（い）いましょう。 05-09
শুনুন এবং শব্দটি পুনরাবৃত্তি করুন।

（3）聞（き）いて、a-k から選（えら）びましょう。 05-10
শুনুন এবং a–k থেকে নির্বাচন করুন।


©The Japan Foundation

## 2 会話を聞きましょう。
কথোপকথনটি শুনুন।

► 4人の人が、日本の食べ物について聞かれています。
চারজন ব্যক্তি প্রত্যেককে জাপানি খাবার সম্পর্কে প্রশ্ন করা হচ্ছে।

（1） どの食べ物について話していますか。食べ物の名前を 1 から選んでメモしましょう。
তারা কোন খাবার সম্পর্কে কথা বলছেন? 1 থেকে খাবারের নাম নির্বাচন করুন এবং লিখে রাখুন।

（2） もういちど聞きましょう。それについて、好きか好きじゃないか、□にチェック✔をつけましょう。
কথোপকথনটি আবার শুনুন। তারা এটি পছন্দ করেন, না কি অপছন্দ করেন, তা প্রদর্শন করার জন্য বক্সে চেক মার্ক প্রদান করুন।

| | （1） | （2） |
|---|---|---|
| ① 05-11 | | □ 好き　□ 好きじゃない |
| | | □ 好き　□ 好きじゃない |
| ② 05-12 | | □ 好き　□ 好きじゃない |
| | | □ 好き　□ 好きじゃない |
| | | □ 好き　□ 好きじゃない |
| ③ 05-13 | | □ 好き　□ 好きじゃない |
| | | □ 好き　□ 好きじゃない |
| ④ 05-14 | | □ 好き　□ 好きじゃない |
| | | □ 好き　□ 好きじゃない |

（3） ことばを確認して、もういちど聞きましょう。 05-11 ～ 05-14
শব্দগুলি নিশ্চিত করুন এবং কথোপকথনটি আবার শুনুন।

食べ物 খাদ্য ｜ 何 কি
すごい！ ওয়াও! ｜ だいじょうぶですか？ ঠিক আছে কি?


©The Japan Foundation

## 形に注目

（１）音声を聞いて、＿＿＿＿＿にことばを書きましょう。 05-15

রেকর্ডিংটি শুনুন এবং শূন্যস্থান পূরণ করুন।

A：日本の食べ物、＿＿＿＿＿が好きですか？

B：私は、うどんが好きです。

A：わさびは、だいじょうぶですか？

B：わさびは、＿＿＿＿＿＿……。

好きなものを質問するとき、どう言っていましたか。→文法ノート❶

অন্য ব্যক্তিকে তাদের পছন্দের খাবার সম্পর্কে প্রশ্ন করার সময় কোন ধরণের অভিব্যক্তি ব্যবহার করা হয়েছিল?

苦手なものを言うとき、どう言っていましたか。→文法ノート❷

বক্তা কোন ধরণের খাবার অপছন্দ করেন তা বলার সময় কোন ধরণের অভিব্যক্তি ব্যবহার করা হয়েছিল?


（２）形に注目して、会話をもういちど聞きましょう。 05-11 ～ 05-14

ব্যবহৃত অভিব্যক্তির উপর মনোযোগ দিন এবং কথোপকথনটি আবার শুনুন।


©The Japan Foundation

## 3 日本の食べ物について話しましょう。

জাপানি খাবার সম্পর্কে কথা বলুন।




（1） 会話を聞きましょう。 05-16 05-17

কথোপকথনটি শুনুন।

（2） シャドーイングしましょう。 05-16 05-17

কথোপকথনটি ছায়ার মতো অনুকরণ করুন।

（3） 日本の食べ物について、何が好きか、お互いに聞きましょう。

আপনি কোন ধরণের জাপানি খাবার পছন্দ করেন? একে অপরকে প্রশ্ন করুন।


©The Japan Foundation

# 3. お茶、飲みますか？

can-do 18
**飲み物をすすめられたとき、何を飲むかなど、答えることができる。**
পানীয় দ্রব্যের জন্য সুপারিশ করা হলে, কী পান করা হবে, ইত্যাদি সম্পর্কে উত্তর প্রদান করতে পারবেন।

## 1 ことばの準備
শব্দের জন্য প্রস্তুতি

【飲み物 পানীয়】

a. コーヒー




b. 紅茶




c. お茶




d. 水




e. ジュース




f. コーラ




g. ビール




h. お酒




（1）絵を見ながら聞きましょう。 05-18
চিত্রগুলো দেখতে দেখতে শুনুন।

（2）聞いて言いましょう。 05-18
শুনুন এবং শব্দটি পুনরাবৃত্তি করুন।

（3）聞いて、a-h から選びましょう。 05-19
শুনুন এবং a–h থেকে নির্বাচন করুন।


©The Japan Foundation

## 2 会話を聞きましょう。
কথোপকথনটি শুনুন।

► いろいろな場面で、飲み物をすすめられています。
বিভিন্ন পরিস্থিতিতে লোকেদের প্রত্যেককে পানীয় প্রদান করা হয়েছে।

(1) どの飲み物について話していますか。飲み物の名前を 1 から選んでメモしましょう。
লোকেরা কোন পানীয় সম্পর্কে কথা বলছেন? 1 থেকে পানীয়ের নাম নির্বাচন করুন এবং লিখে রাখুন।

(2) もういちど聞きましょう。その飲み物を飲むか飲まないか、□にチェック✔をつけましょう。
কথোপকথনটি আবার শুনুন। ব্যক্তিটি সেই পানীয় পান করবে, নাকি করবে না? বক্সে একটি টিক চিহ্ন দিন।

飲みますか?
আপনি কিছু ～ পান করতে চান কি?

① 05-20

職場で
কর্মক্ষেত্রে



| | |
|---|---|
| (1) | |
| (2) | □ 飲みます　□ 飲みません |

② 05-21

居酒屋で
ইজাকায়ায়
(জাপানি স্টাইলের পাব)



| | |
|---|---|
| (1) | |
| (2) | □ 飲みます　□ 飲みません |

③ 05-22


職場で
কর্মক্ষেত্রে



| | |
|---|---|
| (1) | |
| (2) | □ 飲みます　□ 飲みません |

④ 05-23

公園で
পার্কে



| | |
|---|---|
| (1) | |
| (2) | □ 飲みます　□ 飲みません |


©The Japan Foundation

## 形に注目

（1）音声を聞いて、＿＿＿＿＿にことばを書きましょう。 05-24 05-25 05-26

রেকর্ডিং শুনুন এবং শূন্যস্থান পূরণ করুন।

お茶、＿＿＿＿＿＿＿か？

お酒、＿＿＿＿＿？

何、＿＿＿＿＿＿＿か？

何、＿＿＿＿＿？

飲むものをたずねるとき、どう言っていましたか。➡文法ノート❸
পানীয় সম্পর্কে প্রশ্ন করার সময় বক্তা কোন ধরণের অভিব্যক্তি ব্যবহার করেছিলেন?

お茶、飲みますか？

はい、＿＿＿＿＿＿＿＿＿。

いいえ、＿＿＿＿＿＿＿＿＿。

飲むとき、どう答えましたか。断るとき、どう答えましたか。➡文法ノート❸
পান করতে চাওয়ার সময় তারা কীভাবে উত্তর প্রদান করেছিল? করতে না চাওয়ার সময় তারা কীভাবে উত্তর প্রদান করেছিল?

A：何、飲みますか？

B：じゃあ、ビール、＿＿＿＿＿＿＿＿＿。

飲みたいものを言うとき、どう答えましたか。➡文法ノート❸
পান করতে চাওয়া বস্তু নির্বাচন করার সময় তারা কীভাবে উত্তর প্রদান করেছিল?

（2）形に注目して、会話をもういちど聞きましょう。 05-20 ～ 05-23

ব্যবহৃত অভিব্যক্তির উপর মনোযোগ দিন এবং কথোপকথনটি আবার শুনুন।


©The Japan Foundation

## 3 飲み物をすすめられたとき、答えましょう。

পানীয় প্রদান করে হলে সাড়া প্রদান করুন।

①

お茶、飲みますか？

はい、お願いします。

いえ、けっこうです。

②

何、飲みますか？

じゃあ、コーヒー、お願いします。

（1）会話を聞きましょう。 05-27 05-28 ／ 05-29

কথোপকথনটি শুনুন।

（2）シャドーイングしましょう。 05-27 05-28 ／ 05-29

কথোপকথনটি ছায়ার মতো অনুকরণ করুন।

（3）飲み物をすすめたり、すすめられたりするロールプレイをしましょう。

এই পরিস্থিতিতে অভিনয় করুন। আপনি পানীয় প্রস্তাব করছেন এবং আপনাকে পানীয় প্রস্তাব করা হচ্ছে।


©The Japan Foundation

## 4. 朝(あさ)ご飯(はん)は、あまり食(た)べません

can-do 19
**朝(あさ)ご飯(はん)に何(なに)を食(た)べるか質問(しつもん)したり、質問(しつもん)に答(こた)えたりすることができる。**
সকালের নাস্তায় কী খাওয়া হয়, সে সম্পর্কে প্রশ্ন করা, প্রশ্নের উত্তর প্রদান করতে পারবেন।


### 1 ことばの準備(じゅんび)
শব্দের জন্য প্রস্তুতি

【朝(あさ)ご飯(はん) সকালের নাস্তা】


a. ご飯(はん)




b. パン




c. 卵(たまご)




d. ヨーグルト





e. シリアル




f. 果物(くだもの)




g. サラダ



h. みそ汁(しる)



i. スープ



j. 牛乳(ぎゅうにゅう)




k. トマトジュース



l. オレンジジュース




m. りんごジュース



（1）絵(え)を見(み)ながら聞(き)きましょう。 05-30
চিত্রগুলো দেখতে দেখতে শুনুন।

（2）聞(き)いて言(い)いましょう。 05-30
শুনুন এবং শব্দটি পুনরাবৃত্তি করুন।

（3）聞(き)いて、a-m から選(えら)びましょう。 05-31
শুনুন এবং a–m থেকে নির্বাচন করুন।


©The Japan Foundation

## 2 会話を聞きましょう。

কথোপকথনটি শুনুন।


► ステーシーさん、アミラさん、マークさん、松田さんの４人が、昼休みに話しています。
স্টেসি-সান, আমিরা-সান, মার্ক-সান, এবং মাৎসুদা-সান দুপুরের খাবারের বিরতিতে কথা বলছেন।




（１） はじめに、スクリプトを見ないで会話を聞きましょう。 05-32

４人は、朝ご飯に何を食べますか。何を飲みますか。メモしましょう。言っていないときは、「—」を書きましょう。

প্রথমে, স্ক্রিপ্ট না দেখে কথোপকথনটি শুনুন।
তাদের প্রত্যেকের সকালের নাস্তার জন্য কী আছে? তারা কী পান করে? লিখে রাখুন। উল্লেখ করা না হলে "—" লিখুন।

| | ステーシーさん | アミラさん | マークさん | 松田さん |
|---|---|---|---|---|
| 食べます（食べる）  | | | | |
| 飲みます（飲む）  | | | | |


©The Japan Foundation

## （2）スクリプトを見(み)ながら聞(き)きましょう。 05-32

কথোপকথনটি আবার শুনুন। এই বার, স্ক্রিপ্ট বরাবর অনুসরণ করুন।

アミラ：朝(あさ)ご飯(はん)、いつも、何(なに)、食(た)べますか？
ステーシーさんは？

ステーシー：私(わたし)は、シリアルを食(た)べます。果物(くだもの)も食(た)べます。

松田(まつだ)：へー。アミラさんは？

アミラ：えーと、私(わたし)は、パンと、卵(たまご)と、ヨーグルトをよく食(た)べます。

松田(まつだ)：マークさんは？

マーク：あー、私(わたし)は、朝(あさ)ご飯(はん)は、あまり食(た)べません。牛乳(ぎゅうにゅう)を飲(の)みます。
松田(まつだ)さんは？

松田(まつだ)：私(わたし)も、食(た)べないです。水(みず)を飲(の)みます。

ステーシー・アミラ：え～！

朝(あさ)ご飯(はん) সকালের নাস্তা ｜ いつも সবসময় ｜ よく প্রায়শই ｜ あまり কদাচিৎ

え～！ হাহ?! (驚(おどろ)いたことを表(あらわ)す বিস্ময় প্রকাশ করা)


©The Japan Foundation

## 形に注目

（１）音声を聞いて、＿＿＿＿にことばを書きましょう。 05-33 05-34

রেকর্ডিং শুনুন এবং শূন্যস্থান পূরণ করুন।

朝ご飯、いつも、何、食べますか？

私は、シリアル＿＿＿＿食べます。

牛乳＿＿＿＿飲みます。

私は、朝ご飯は、あまり食べ＿＿＿＿＿＿。

私も、食べ＿＿＿＿＿＿＿＿。

**!** 食べるもの、飲むものを言うとき、どんな助詞を使っていましたか。 ➡文法ノート❹

বক্তারা কি খায় এবং কি পান করে, সে সম্পর্কে কথা বলার সময় কোন পার্টিকেল ব্যবহার করা হয়েছিল?

**!** 食べないことを言うとき、どう言っていましたか。 ➡文法ノート❺

তারা সকালের নাস্তা খান না, তা বলার জন্য কোন ধরণের অভিব্যক্তি ব্যবহার করা হয়েছিল?

朝ご飯、＿＿＿＿＿＿＿＿、何、食べますか？

私は、パンと、卵と、ヨーグルトを＿＿＿＿＿＿食べます。

朝ご飯は、＿＿＿＿＿＿＿＿食べません。

**!** 頻度を言うとき、どんなことばを使っていましたか。 ➡文法ノート❻

কোনো কিছু করার সংঘটনের হার সম্পর্কে কথা বলার সময় কোন ধরণের শব্দ ব্যবহার করা হয়েছিল?

（２）形に注目して、会話をもういちど聞きましょう。 05-32

ব্যবহৃত অভিব্যক্তির উপর মনোযোগ দিন এবং কথোপকথনটি আবার শুনুন।


©The Japan Foundation

**3** 朝ご飯について話しましょう。

সকালের নাস্তা সম্পর্কে কথা বলুন।

朝ご飯、いつも、何、食べますか?

パンと卵 を食べます。
牛乳 を飲みます。

シリアル をよく食べます。

朝ご飯は、あまり食べません。

（1）会話を聞きましょう。 05-35

কথোপকথনটি শুনুন।

（2）シャドーイングしましょう。 05-35

কথোপকথনটি ছায়ার মতো অনুকরণ করুন।

（3）朝ご飯に何を食べるか、お互いに聞きましょう。

আপনি সকালের নাস্তায় কী খেয়ে থাকেন? একে অপরকে প্রশ্ন করুন।


©The Japan Foundation

# 5. 今日(きょう)の朝(あさ)ご飯(はん)

can-do 20
食事(しょくじ)の写真(しゃしん)に簡単(かんたん)な説明(せつめい)をつけて、SNS(エスエヌエス)に投稿(とうこう)することができる。
খাবারের ছবিতে সংক্ষিপ্ত ব্যাখ্যা যোগ করে, SNS এ পোস্ট করতে পারবেন।

## 1 SNS(エスエヌエス)に投稿(とうこう)しましょう。

সোশ্যাল মিডিয়া পোস্ট তৈরি করুন।

► SNS(エスエヌエス)に自分(じぶん)の朝(あさ)ご飯(はん)の写真(しゃしん)を投稿(とうこう)します。
সোশ্যাল মিডিয়ায় সকালের নাস্তার একটি আলোকচিত্র পোস্ট করছেন।

### （1） 例(れい)を読(よ)みましょう。

উদাহরণটি পড়ুন।

（例(れい) উদাহরণ）




大切(たいせつ)なことば
今日(きょう) আজ ｜ いただきます খাবারের জন্য ধন্যবাদ! (খাওয়ার আগে মার্জিতভাবে বলা অভিব্যক্তি)


©The Japan Foundation

（２）自分の朝ご飯を投稿しましょう。
সকালের নাস্তা সম্পর্কে একটি পোস্ট তৈরি করুন।




**2** ほかの人の投稿を見てみましょう。
অন্য ব্যক্তির পোস্ট দেখুন।


©The Japan Foundation

# 聴解(ちょうかい)スクリプト

## 1. 魚(さかな)、好(す)きですか？

① 05-01

佐々木(ささき)：カムラーさん、魚(さかな)、好(す)きですか？
カムラー：はい、好(す)きです。
佐々木(ささき)：肉(にく)は？
カムラー：肉(にく)も好(す)きです。

② 05-02

佐々木(ささき)：マリさんは、魚(さかな)、好(す)きですか？
マリ：はい、好(す)きです。
佐々木(ささき)：肉(にく)は？
マリ：肉(にく)は好(す)きじゃないです。

③ 05-03

佐々木(ささき)：ルイスさんは？
ルイス：魚(さかな)は好(す)きじゃないです。肉(にく)と野菜(やさい)が好(す)きです。

④ 05-04

ルイス：佐々木(ささき)さんは？
佐々木(ささき)：私(わたし)は魚(さかな)が好(す)きです。野菜(やさい)も好(す)きです。
ルイス：肉(にく)は？
佐々木(ささき)：肉(にく)は好(す)きじゃないです。


©The Japan Foundation

## 2. わさびは、ちょっと…

① 05-11

A：日本(にほん)の食(た)べ物(もの)、何(なに)が好(す)きですか？

B：私(わたし)は、うどんが好(す)きです。

A：そばは？

B：そばも好(す)きです。

---

② 05-12

A：日本(にほん)の食(た)べ物(もの)、何(なに)が好(す)き？

B：えーと、天(てん)ぷらが好(す)きです。

A：へー。

B：牛丼(ぎゅうどん)も、カレーも好(す)きです。

A：そう。

---

③ 05-13

A：日本(にほん)の食(た)べ物(もの)、何(なに)が好(す)きですか？

B：私(わたし)は、納豆(なっとう)が好(す)きです。

A：そうですか。すごい！　梅干(うめぼ)しは？

B：あ、梅干(うめぼ)しは、ちょっと……。

---

④ 05-14

A：日本(にほん)の食(た)べ物(もの)、何(なに)が好(す)きですか？

B：すしが好(す)きです。

A：わさびは、だいじょうぶですか？

B：あ、わさびは、ちょっと……。


©The Japan Foundation

## 3. お茶、飲みますか？

① 05-20

A：セシルさん、お茶、飲みますか？
B：あ、はい、お願いします。
A：はい、どうぞ。
B：ありがとうございます。

② 05-21

A：羅さん、お酒、飲む？
B：いえ、けっこうです。
A：あ、そう。
B：ありがとうございます。

③ 05-22

A：イリヤスさん、何、飲む？
B：じゃあ、コーヒー、お願いします。
A：はい、コーヒー。
B：ありがとうございます。

④ 05-23

A：ルシアさん、何、飲みますか？
B：じゃあ、ビール、お願いします。
A：ビールね。どうぞ。
B：あ、どうも。


©The Japan Foundation

# 漢字のことば

**1** 読んで、意味を確認しましょう。
নিচের কাঞ্জিগুলো পড়ে, এগুলোর অর্থ চেক করুন।

| | | | |
|---|---|---|---|
| 水 | 水 | 水 | 水 |
| 食べます | 食べます | 食べます | 食べます |
| 飲みます | 飲みます | 飲みます | 飲みます |

**2** ＿＿＿の漢字に注意して読みましょう。
＿＿＿-এর কাঞ্জির দিকে মনোযোগ দিয়ে পড়ুন।

① Ａ：何、飲みますか？
　Ｂ：じゃあ、水、お願いします。

② パンとヨーグルトを食べます。

**3** 上の＿＿＿のことばを、キーボードやスマートフォンで入力しましょう。
কীবোর্ড বা স্মার্টফোন ব্যবহার করে, উপরের ＿＿＿ এর শব্দগুলি লিখুন।


©The Japan Foundation

## 文法(ぶんぽう)ノート

**❶**

**Nが 好(す)きです**
**Nは 好(す)きじゃないです**

肉(にく)と野菜(やさい)が好(す)きです。

মাংস এবং সবজি পছন্দ করি।

魚(さかな)は好(す)きじゃないです。

আমি মাছ পছন্দ করি না।

- এই অভিব্যক্তিগুলি পছন্দ বা অপছন্দের বিষয় ব্যক্ত করার জন্য ব্যবহার করা হয়েছে।
- 好(す)き(な) (আমি পছন্দ করি) হল একটি ナ-বিশেষণ (পাঠ ৭ দেখুন ❹), এবং একটি বাক্য গঠন করার জন্য, পরে です যোগ করা হয়।
- কোন কিছু না পছন্দ করার বিষয়টি বলার জন্য, ～です কে ～じゃないです এ পরিবর্তন করে নেতিবাচক বাক্য গঠন করা হয়। ～じゃありません ফর্মও ব্যবহার করা যায়।
- বিশেষ্যের পরে পার্টিক্যাল が যোগ করে 好(す)き এর কর্মকে নির্দেশ করা হয়। 肉(にく)と野菜(やさい)が এর মতো করে। তবে অনেক নে-তিবাচক বাক্যে, কর্মকে প্রায়ই ইতিমধ্যে বলা হয়ে থাকে বিধায়, পার্টিক্যাল がপ্রায়ই は তে পরিবর্তিত হয় (উদাহরণ ②)।
- কাউকে পছন্দ করার বিষয় সম্পর্কে প্রশ্ন করার সময়, প্রশ্নবোধক শব্দ 何(なに) (কি), ব্যবহার করে, বাক্যের শেষে か যোগ করা হয় এবং ক্রমবর্ধমান স্বরে কথা বলা হয় (উদাহরণ ③)।

- 好き嫌いを表すときの言い方です。
- 「好き（な）」はナ形容詞（→第７課❹）で、後ろに「です」をつけて文を作ります。
- 好きじゃないことを表すときは、「～です」を「～じゃないです」に変えて否定文にします。「～じゃありません」という形もあります。
- 「好き」の対象は、「肉と野菜が」のように、名詞のあとに助詞「が」をつけて示します。ただし、否定文では、対象となるものがすでに話題になっている場合が多いので、助詞「が」は「は」に変わることが多いです（例②）。
- 何が好きかをたずねるときは、疑問詞「何」を使って、文末に「か」をつけて、上昇イントネーションで発音します（例③）。

[例(れい)] উদাহরণ

► ① 私(わたし)は、魚(さかな)が好(す)きです。肉(にく)は好(す)きじゃないです。
আমি মাছ পছন্দ করি। আমি মাংস পছন্দ করি না।

► ② A：肉(にく)、好(す)きですか？
আপনি মাংস পছন্দ করেন কি?
B：はい、好(す)きです。
হ্যাঁ, আমি এটা পছন্দ করি।
A：野菜(やさい)は？
শাকসবজি কেমন?
B：野菜(やさい)は好(す)きじゃないです。
আমি শাকসবজি পছন্দ করি না।

► ③ A：日本(にほん)の食(た)べ物(もの)、何(なに)が好(す)きですか？
আপনি কোন ধরণের জাপানি খাবার পছন্দ করেন?
B：天(てん)ぷらが好(す)きです。
আমি তেম্পুরা পছন্দ করি।


©The Japan Foundation

### ◆ 好きです এর সংক্ষিপ্তসার 「好きです」のまとめ

| | | |
|---|---|---|
| ইতিবাচক 肯定 | Nが好きです | 魚が好きです。<br>আমি মাছ পছন্দ করি। |
| নেতিবাচক 否定 | Nは好きじゃないです<br>（Nは好きじゃありません） | 肉は好きじゃないです。<br>（肉は好きじゃありません。）<br>আমি মাংস পছন্দ করি না। |
| প্রশ্ন 疑問 | N（は）好きですか？ | 野菜、好きですか？<br>আপনি সবজি পছন্দ করেন কি ? |
| | 何が好きですか？ | 日本の食べ物、何が好きですか？<br>আপনি কোন ধরণের জাপানি খাবার পছন্দ করেন? |

## ❷ N は ちょっと…

わさびは、ちょっと…。
আমি সত্যিই ওয়াসাবি পছন্দ করি না।

- এই অভিব্যক্তিটি কোন কিছু নেতিবাচক মৃদুভাবে বলার জন্য ব্যবহৃত হয়। এই পাঠে, খাবারের পছন্দ সম্পর্কে প্রশ্ন করার সময়, কোন কিছু সত্যিই পছন্দ না করার বিষয়টি বলার জন্য ব্যবহার করা হয়েছে।
- মূলত ちょっと এর অর্থ হল 少し (একটু)। বাক্যের শেষ না বলে ～はちょっと…বলা হলে, তার অর্থ হল, কোন কিছু ちょっとだめです (আমার জন্য ভাল নয়) বা ちょっと苦手です (আমি এটা পছন্দ করি না)।

• 否定的なことを相手に柔らかく伝える言い方です。この課では、食べ物の好みを聞かれて、苦手だということを伝えるときに使っています。
• 「ちょっと」は、もともとは「少し」という意味です。「～はちょっと…」のように、最後まで言わないことによって、「ちょっとだめです」「ちょっと苦手です」ということを表します。

[例] উদাহরণ
► A：日本の食べ物、何が好きですか？
আপনি কোন ধরণের জাপানি খাবার পছন্দ করেন?
B：天ぷらが好きです。
আমি তেম্পুরা পছন্দ করি।
A：刺身は？
সাশিমি কেমন?
B：刺身は、ちょっと…。
আমি সত্যিই সাশিমি পছন্দ করি না।


©The Japan Foundation

## ❸ V- ますか？ (মস-ফর্ম マス形)
## V- る？ (ডিকশনারি-ফর্ম 辞書形)

### お茶、飲みますか？

গ্রীণ টি পান করবেন কি?

### 何、飲む？

কোন কিছু পান করতে চান কি?

- এই অভিব্যক্তিগুলি একটি ক্রিয়াপদ ব্যবহার করে প্রশ্ন করার জন্য ব্যবহার করা হয়েছে। কারও উদ্দেশ্য সম্পর্কে প্রশ্ন করার সময় ব্যবহার করা হয়। এই পাঠে, কোন একজন ব্যক্তির পান করতে চাওয়া বস্তু সম্পর্কে প্রশ্ন করার জন্য ব্যবহার করা হয়েছে।
- 飲みます এর মতো করে ます দিয়ে শেষ হওয়া ধাতুরূপকে マス-ফর্ম বলা হয়। マス-ফর্ম হল কথা বলার একটি মার্জিত উপায় এবং অপরিচিত বা ঊর্ধ্বতন ব্যক্তির সাথে কথা বলার সময় ব্যবহার করা হয়। প্রশ্ন করার জন্য বাক্যের শেষে か যোগ করে, 飲みますか? এর মতো করে ক্রমবর্ধমান স্বরে কথা বলা হয়।।
- ক্রিয়াপদের মৌলিক ফর্মকে ডিকশনারি-ফর্ম (যে ফর্ম অভিধানের শিরোনামে প্রদর্শিত হয়) বলা হয়। 飲む (পান করা) ডিকশনারি-ফর্ম এবং 飲みます হল এর ます-ফর্ম। 飲む? এর মতো করে, ক্রমবর্ধমান স্বর দিয়ে ডিকশনারি-ফর্মকে প্রশ্নে পরিণত করা যায়।। এটি হল কথা বলার সময় ব্যবহৃত ক্যাজুয়াল ভাষা এবং বন্ধু এবং অধীনস্থ ব্যক্তির সাথে ব্যবহার করা হয়।
- 『入門』 এবং 『初級』 লেভেলের জন্য, マス-ফর্ম ব্যবহার করে, কথা বলার আরো সুযোগ রয়েছে বিধায়, তাই প্রধানত মস-ফর্ম সম্পর্কে অধ্যয়ন করা হবে। অভিধান-ফর্ম ব্যবহার করা অভিব্যক্তি শুনার সময় বুঝার চেষ্টা করুন। ক্রিয়াপদ সম্পর্কে শেখার সময় অভিধান-ফর্মের সাথে একসাথে মনে রাখার চেষ্টা করুন। 『初級 1』 এ ডিকশনারি-ফর্ম থেকে মস-ফর্ম তৈরি করার জন্য ধাতুরূপের নিয়ম অধ্যয়ন করা হবে।
- পানীয় বা অন্য কিছু প্রস্তাব করা হলে, はい、お願います (হ্যাঁ, অনুগ্রহ করে) বলে গ্রহণ করা হয়। না বলার জন্য, いえ、けっこうです (না, ধন্যবাদ) বলে উত্তর প্রদান করা হয় (উদাহরণ ①)।
- কোন ব্যক্তিকে পান করার বস্তু সম্পর্কে প্রশ্ন করার সময়, প্রশ্ন করার জন্য প্রশ্নবোধক শব্দ 何 (কি) ব্যবহার করা হয়। উত্তর দেওয়ার সময়, পান করতে চাওয়া বস্তুর পর お願います বলা হয় (উদাহরণ ②③)।

- 動詞を使った質問の言い方です。相手の意志をたずねるときに使います。この課では、飲む物を質問するときに使っています。
- 「飲みます」のように、「ます」で終わる動詞の活用形を「マス形」と呼びます。「マス形」は丁寧な言い方で、知らない人や目上の人と話すときに使われます。疑問文は、文末に「か」をつけて、「飲みますか?」のように上昇イントネーションで発音します。
- 動詞の基本形を「辞書形（＝辞書の見出しに出てくる形）」と呼びます。「飲む」が辞書形で、「飲みます」はそのマス形です。辞書形の場合、「飲む?」のように上昇イントネーションで発音するだけで疑問文になります。話し言葉で使われるカジュアルな言い方で、友だち同士や目下の人に使われます。
- 『入門』から『初級』の段階では、マス形を使って話す機会のほうが多いので、マス形を中心に勉強します。辞書形を使った言い方は、聞いてわかるようにしておきましょう。動詞を覚えるときは、辞書形をいっしょに覚えておくようにします。なお、辞書形からマス形を作る活用規則は、『初級1』で勉強します。
- 飲み物などをすすめられて、受ける場合は「はい、お願いします。」、断るときは「いえ、けっこうです。」と答えます（例①）。
- 何を飲むかたずねる場合は、疑問詞「何」を使って質問します。答えるときは、飲みたいもののあとに「お願いします。」をつけて言います（例②③）。


©The Japan Foundation

[例] উদাহরণ

► ① A：コーヒー、飲みますか?
কফি পান করবেন কি?
B：はい、お願いします。
হ্যাঁ। অনুরোধ করছি।
A：ミルクは?
দুধ?
B：いえ、けっこうです。
না, আপনাকে ধন্যবাদ।

► ② A：何、飲みますか?
আপনি কি পান করতে চান?
B：紅茶、お願いします。
চা এর জন্য অনুরোধ করছি।

► ③ A：何、飲む?
কি পান করতে চান?
B：オレンジジュース、お願いします。
কমলার জুসের জন্য অনুরোধ করছি।

## ❹ NをV-ます

シリアルを食べます。
আমি সিরিয়াল খাই।

- ক্রিয়াপদের マスফর্ম শুধুমাত্র অভিপ্রায় প্রকাশ করতেই নয়, সত্য বা অভ্যাস প্রকাশ করতেও ব্যবহার করা যেতে পারে। এই পাঠে, সকালের নাস্তার অভ্যাস সম্পর্কে কথা বলার জন্য ব্যবহৃত হয়েছে।
- কর্মকে ক্রিয়াপদের আগে বসানো হয় এবং シリアルを এর মতো করে, বিশেষ্যের সাথে পার্টিক্যাল を যোগ করে নির্দেশ করা হয়। পার্টিক্যালকে を এর মতো করে লেখা হলেও [ও] বলে উচ্চারণ করা হয়। シリアル হল 食べます এর কর্ম।
- প্রশ্ন করার সময়, কর্মকে নির্দেশ করা পার্টিক্যাল を প্রায়শই বাদ দেওয়া হয়। নীচের উদাহরণে, いつも、何、食べますか? 何を এর を বাদ দেয়া হয়েছে। ❸ এ お茶、飲みますか? এর মতো একই।

- 動詞のマス形は、意志を表すだけでなく、事実や習慣を表すときにも使われます。この課では、朝食の習慣を話すときに使っています。
- 動詞の目的語は、「シリアルを」のように、名詞に助詞「を」をつけて動詞の前に置きます。「を」と書いて「お」と読みます。「シリアル」は「食べます」の目的語です。
- 質問する場合、目的語を示す助詞「を」は省略されることが多いです。下の例の「いつも、何、食べますか?」は、「何を」の「を」が省略された形です。❸の「お茶、飲みますか?」も同様です。

[例] উদাহরণ

► A：朝ご飯、いつも、何、食べますか?
আপনি সাধারণত সকালের নাস্তায় কী খেয়ে থাকেন?
B：ごはんとみそ汁を食べます。
আমি ভাত এবং মিসো স্যুপ খাই।
A：Cさんは?
C-সান, আপনি?
C：私は、パンと果物を食べます。ジュースを飲みます。
আমি রুটি এবং ফল খাই। আমি জুস পান করি।


©The Japan Foundation

❺

| (N は) | V- ません<br>V- ないです |
|---|---|

私は、朝ご飯は、あまり食べません。

আমি সাধারণত সকালের নাস্তা খাই না।

私も、食べないです。

আমিও সকালের নাস্তা খাই না।

- এগুলি হল নেতিবাচক ক্রিয়া বাক্য বলার পদ্ধতি।
- নেতিবাচক বাক্য গঠন করার জন্য ～ます থেকে ～ません এ পরিবর্তন করা হয়। 食べません হল 食べます এর নেতিবাচক রূপ।
- নেতিবাচক বাক্যে কর্মকে নির্দেশ করা পার্টিক্যাল を প্রায়শই 朝ご飯は এর মতো করে はতে পরিবর্তিত হয়।
- 食べないです , 食べません এর মতো একই অর্থ বহন করে। এটি হল, です যোগ করা, ডিকশনারি-ফর্ম 食べる (খাওয়া) এর নেতিবাচক ফর্ম (ナイ-ফর্ম)। 『初級 1』 এ ডিকশনারি-ফর্ম থেকে ナイ-ফর্ম তৈরি করার নিয়ম অধ্যয়ন করা হবে।
- নেতিবাচক ক্রিয়া বাক্য বলার দুটি উপায় আছে: ～ません এবং～ないです। ～ます থেকে ～ません এ পরিবর্তন করা সহজ, তাই 『入門』 এ ～ません ফর্ম সম্পর্কে অধ্যয়ন করা হবে। তবে, প্রকৃত কথ্য ভাষা প্রায়শই ～ないです ফর্ম ব্যবহার করে থাকে। শুনে বুঝতে পারার জন্য মনে রাখুন।

- 動詞文の否定の言い方です。
- 「～ます」を「～ません」に変えると否定文になります。「食べません」は「食べます」の否定形です。
- 否定文では、「朝ご飯は」のように、目的語を示す助詞「を」は「は」に変わることが多いです。
- 「食べないです」は、「食べません」と同じ意味です。辞書形「食べる」の否定形（＝ナイ形）の「食べない」に「です」をつけた形です。辞書形からナイ形を作る活用規則は『初級 1』で勉強します。
- 動詞文の否定の言い方には、「～ません」と「～ないです」の 2 つがあります。『入門』では、「～ます」を「～ません」に変えるほうが簡単なので「～ません」の形を勉強します。ただし、実際の話しことばでは「～ないです」の形が使われることが多いので、聞いたときにわかるようにしておきましょう。

[例] উদাহরণ ►

A：朝ご飯、何、食べますか？
সকালের নাস্তায় কী খেয়ে থাকেন?

B：朝ご飯は、食べません。
আমি সাধারণত সকালের নাস্তা খাই না।

A：私も、食べないです。コーヒーを飲みます。
আমিও সকালের নাস্তা খাই না। আমি কফি পান করি।


©The Japan Foundation

## ◆ ক্রিয়া বাক্য (অ-অতীত কাল) 動詞文（非過去）

| | |
|---|---|
| ইতিবাচক<br>肯定 | V- ます (মাস-ফর্ম マス形)<br>シリアルを食べます。<br>আমি সিরিয়াল খাই। |
| প্রশ্ন<br>疑問 | V- ますか？<br>何、食べますか？<br>কী খান? |
| নেতিবাচক<br>否定 | V- ません<br>V- ないです<br>朝ご飯は、食べません。<br>朝ご飯は、食べないです。<br>আমি সকালে নাস্তা খাই না। |

❻

**いつも／よく　V- ます**
**あまり　V- ません**
**<সংঘটনের হার 頻度>**

私は、パンと、卵と、ヨーグルトをよく食べます。
আমি প্রায়ই রুটি, ডিম এবং দই খাই।

朝ご飯は、あまり食べません。
আমি সাধারণত সকালের নাস্তা খাই না।

- এই অভিব্যক্তি সংঘটনের হার সম্পর্কে কথা বলার জন্য ব্যবহৃত হয়।
- いつも (সবসময়), よく (প্রায়শই) এবং あまり (কদাচিৎ) হল ক্রিয়া-বিশেষণ এবং ক্রিয়াপদের সামনে স্থাপন করা হয়। শব্দের ক্রম よくヨーグルトを食べます বা ヨーグルトをよく食べます হতে পারে।
- あまり নেতিবাচক বাক্যে ব্যবহার করা হয় এবং সংঘটনের হার বেশি না হওয়ার বিষয়টি নির্দেশ করে।

• 頻度を表す言い方です。
• 「いつも」「よく」「あまり」は副詞で、動詞の前に置かれます。語順は、「よくヨーグルトを食べます」「ヨーグルトをよく食べます」のどちらでもかまいません。
• 「あまり」は、否定文といっしょに使い、頻度が高くないことを表します。

[例] উদাহরণ
► A：朝ご飯、いつも、何、食べますか？
　　আপনি সাধারণত সকালের নাস্তায় কী খেয়ে থাকেন?
　B：パンを食べます。果物をよく食べます。
　　আমি রুটি খাই। আমি প্রায়শই ফল খাই।

► A：卵を食べますか？
　　ডিম খান কি?
　B：卵は、あまり食べません。
　　আমি কদাচিৎ ডিম খাই।


©The Japan Foundation

日本の生活 TIPS

## 日本の食べ物（刺身と寿司／天ぷら／うどんとそば／カレー）

জাপানি খাবার (সাশিমি এবং সুশি / তেম্পুরা / উদন এবং সোবা / কারি)

### ▶刺身と寿司　সাশিমি এবং সুশি



সাশিমি　刺身



*নিগিরি-জুশি*　にぎり寿司



*কাইতেন-জুসি*　回転寿司

সাশিমি হলো, পাতলা টুকরো করা তাজা, কাঁচা মাছ, সয়া সস ইত্যাদি দিয়ে খাওয়া হয়। এটি একটি সু-পরিচিত জাপানি খাবার। সাশিমিতে, কাটা মাছ কেবল সরলভাবে বিছিয়ে রাখা হয় না। বরং মাছ সুন্দর করে সাজিয়ে রাখা হয়। সূক্ষ্মভাবে কাটা মুলা, সামুদ্রিক শৈবাল এবং *শিসোর* (পুদিনা পরিবারের একটি জাপানি ভেষজ) মতো অন্যান্য উপাদান সাশিমির নীচে রাখা হয়। এগুলোকে *সাশিমি নো সুমা* (সাশিমির সজ্জা) বলা হয়। সেগুলো খাওয়া যায় তবে না খেলেও চলে।

সুশি হল সাশিমি এবং ভিনেগারযুক্ত ভাত যা বিশ্বজুড়ে জনপ্রিয় হয়ে উঠছে। *নিগিরি-জুশি* (উপরে টুকরো মাছ দিয়ে হাত দিয়ে আকৃতি প্রদান করা সুশি রাইস), *মাকি-জুশি* (সামুদ্রিক শৈবালের পাতে মোড়ানো সুশি রাইস এবং ফিলিংস), *চিরাশি-জুশি* (উপরে বিভিন্ন উপাদান দিয়ে সুশি রাইসের বাটি বা বাক্স), এবং *ওশি-জুশি* (একটি ফ্রেম বা বাক্সে চাপা দেয়া টপিংস সহ সুশি রাইস) ইত্যাদির মতো বিভিন্ন ধরণের সুশি রয়েছে। বিশেষ রেস্তোরাঁয় গেলে সুশি খুব ব্যয়বহুল হতে পারে, তবে অনেক সস্তা সুশি রেস্তোরাঁও রয়েছে। *কাইতেন-জুসি* হল গ্রাহকদের কনভেয়র বেল্টে সুশি সরবরাহ করার এক ধরনের রেস্তোরাঁ। সুশি এই রেস্তোরাঁয় তুলনামূলকভাবে সস্তা হয়ে থাকে। সুশি, টেকআউট সুশি চেইন, সুপারমার্কেট এবং কনভেনিয়েন্স স্টোরেও পাওয়া যায়।

刺身は、新鮮な生の魚を薄く切って、しょうゆなどをつけてそのまま食べる料理で、代表的な日本料理の１つです。魚の切り身をただ並べるだけではなく、見た目が美しく見えるように、きれいに盛り付けるのも特徴です。刺身の下には細く切った大根や海藻、シソなどが置かれ、これらを「刺身のつま」といいます。刺身のつまは食べることもできますし、食べないで残してもいいです。

寿司は、刺身を酢飯といっしょに食べる料理で、現在では世界中に広まっています。「にぎり寿司」「巻き寿司」「ちらし寿司」「押し寿司」など、いくつか種類があります。本格的な寿司屋に行くと非常に高い料金になることもありますが、値段を抑えた店も多くあります。「回転寿司」という、寿司がベルトコンベアで運ばれてくるシステムの店は、比較的安い値段で寿司が食べられます。また、テイクアウトの寿司チェーン店や、スーパー、コンビニなどでも、気軽に買うことができます。

### ▶天ぷら　তেম্পুরা



তেম্পুরা চিংড়ি ও মাছের মতো সামুদ্রিক খাবার, বা কুমড়া ও বেগুনের মতো সবজিকে গমের আটার মণ্ড দিয়ে গভীরভাবে ভেজে তৈরি করা হয়। এটি একটি ঐতিহ্যবাহী জাপানি খাবার। বলা হয়ে থাকে যে, এটির নাম পর্তুগিজ শব্দ *টেম্পেরো* (সিজনিং) থেকে এসেছে। তেম্পুরা ডিপিং সস বা লবণ দিয়ে খাওয়া যায়। এটি ভাত বা সোবা বা উদনের মতো নুডলসের উপরেও পরিবেশন করা হয়।



天ぷらは、エビや魚などの魚介類や、カボチャ、ナスなどの野菜に、小麦粉などから作った衣をつけ、油で揚げた料理です。伝統的な日本料理ですが、「天ぷら」の語源はポルトガル語の「tempero（調味料）」に由来すると言われています。天ぷらは、つゆにつけて、または塩をかけて食べます。ご飯の上にのせたり、そばやうどんの上にのせたりする食べ方もあります。


©The Japan Foundation

## ▶ うどんとそば　উদন এবং সোবা

উদন এবং সোবা হল সাধারণ জাপানি নুডলস। গমের আটা দিয়ে তৈরি পুরু, সাদা নুডলস ফুটিয়ে উদন তৈরি করা হয়। সোবা হল বাজরার আটা দিয়ে তৈরি একটি নুডলস । উদন এবং সোবা উভয়ই গরম স্যুপ দিয়ে পরিবেশন করা যেতে পারে বা প্রথমে সেদ্ধ করে তারপর পানিতে ঠান্ডা করে একটি প্লেটে পুরু ডিপিং সস দিয়ে পরিবেশন করা যায়।

শুধুমাত্র উদন বা সোবা পরিবেশন করে এমন বিশেষ রেস্তোরাঁ রয়েছে। তবে, অনেক সোবা রেস্তোরাঁ তাদের মেনুতে উদন এবং সোবা উভয়ই প্রদান করে বিধায় সেগুলি থেকে বেছে নেয়া যায়। বেশিরভাগ ট্রেন স্টেশনে উদন এবং সোবা রেস্তোরাঁ রয়েছে। তারা সস্তায় এবং দ্রুত নুডলস পরিবেশন করে বিধায় তাড়াহুড়ো করার সময় তা খুবই সুবিধাজনক।

জাপানে, লোকেরা উদন এবং সোবার মতো নুডুলস আওয়াজ করে খায়। এর কারণ হল নুড়ুলসকে আওয়াজ করে খেলে স্বাদ বৃদ্ধি পায়। এটি ভাষার পরিবর্তে শব্দের মাধ্যমে নুডলস কতটা সুস্বাদু তা বোঝানোরও একটি উপায়। তাহলে এইভাবে উদন এবং সোবার মতো নুডলস আওয়াজ করে খাওয়ার চেষ্টা করে দেখুন না কেন?
নিচে বিভিন্ন ধরণের উদন এবং সোবার কিছু উদাহরণ প্রদান করা হল।

和食の麺類の代表的なものが、うどんとそばです。うどんは、小麦粉から作った白くて太い麺をゆでて作ります。そばは、そば粉から麺を作ります。うどんもそばも、温かいつゆに入れて食べる食べ方と、ゆでたあと水で冷やした麺を皿に盛り、濃い目のつゆにつけて食べる食べ方があります。

うどん、そばは、一方だけを扱う専門的な店もありますが、多くのそば屋では、うどんとそばの両方がメニューにあり、選ぶことができます。電車の駅にはたいてい、うどんとそばの店があり、安く、しかも短い時間で提供されるので、急いでいるときなどに便利です。

日本でうどんやそばなどの麺類は、「ズルズルッ」と音を立てて食べます。これはこのほうが香りを楽しめるという理由や、「おいしい」とことばで言う代わりに音で伝えるという意味があります。自分でも音を立ててうどんやそばが食べられるよう、練習してみるといいでしょう。

うどん、そばのメニューには、以下のようなものがあります。

- かけうどん／かけそば
  উদন বা সোবা অন্য কোনো উপাদান ছাড়াই গরম স্যুপ দিয়ে পরিবেশিত হয়।
  具が入っていない、温かいつゆに入ったうどん・そば。
- ざるうどん／ざるそば
  *যারু* হল বাঁশ দিয়ে তৈরি ঝুড়ি। নুডুলস পানিতে ঠাণ্ডা করে বা ঠান্ডাভাবে প্রস্তুত করে *যারুতে* পরিবেশন করে, ডিপিং সস দিয়ে খাওয়া হয়।
  ざるは竹で編んで作った器。水で冷やし、冷たくした麺をざるに盛り、つゆをつけて食べる。
- きつねうどん／きつねそば
  *কিৎসুনের* অর্থ হল "শেয়াল"। এই উদন বা সোবার উপরে গভীরভাবে ভাজা তোফু স্থাপন করা হয়। কানসাই অঞ্চলে, এই উদনকে *কিৎসুনে* (শেয়াল) *এবং সোবাকে* তানুকি (র‍্যাকন কুকুর) বলা হয়।
  きつねは "fox" の意味。油揚げをのせたもの。関西では、うどんは「きつね」、そばは「たぬき」と言う。
- 月見(つきみ)うどん／月見(つきみ)そば
  *ৎসুকিমি* এর অর্থ হল "চাঁদ দেখা"। এই উদন বা সোবার উপরে কাঁচা ডিম স্থাপন করা হয়।
  月見は "moon viewing" の意味。生卵をのせたもの。
- 天(てん)ぷらうどん／天(てん)ぷらそば
  উদন বা সোবার উপরে চিংড়ির মতো তেম্পুরা স্থাপন করা হয়।
  エビなどの天ぷらをのせたもの。


*কিৎসুনে*-উদন　きつねうどん


*ৎসুকিমি*-সোবা　月見そば


*যারু*-সোবা　ざるそば


©The Japan Foundation

### ▶ カレー　কারি



কারি হল, মেইজি যুগে (১৮৬৮-১৯ ১২) ইংল্যান্ডের মাধ্যমে জাপানে প্রবর্তিত হওয়া একটি ভারতীয় খাবার। এর পরে, জাপান তার মূল কারি শৈলীর বিকাশ ঘটায়। জাপানি কারি ভারতীয় বা থাই কারি থেকে আলাদা হয়ে থাকে। গমের আটা ব্যবহার করে সস ঘন করা হয়। জাপানি কারি রাইস তৈরি করার জন্য এটি ভাতের উপরে পরিবেশন করা হয়।

কথিত আছে যে জাপানিরা গড়ে সপ্তাহে একাধিকবার কারি খেয়ে থাকে। সেট খাবারের রেস্তোরাঁ, সোবা রেস্তোরাঁ এবং গিউদোন রেস্তোরাঁ সহ বেশিরভাগ রেস্তো-রাঁয় কারি পাওয়া যায়। জাপানের বেশিরভাগ বুফে মেনুতে তরকারি অন্তর্ভুক্ত করে থাকে। এইভাবে, কারি জাপানে খুব জনপ্রিয় এবং এমনকি জাতীয় জাপানি খাবারও বলা হয়।

পূর্বে তৈরি বাণিজ্যিক কারি রাউক্স ব্যবহার করে সহজেই জাপানি কারি তৈরি করা যায়। নিজে তৈরি করার চেষ্টা করে দেখুন না কেন? অনেক কারি "ব্যাগে ফুটানো" খাবার হিসাবেও বিক্রি করা হয়। পুরো থলিটি গরম পানিতে রেখে সহজভা-বে প্রস্তুত করা যায়। দ্রুত এবং সহজ খাবার তৈরি করা যায় বিধায় বাড়িতে কিছু রাখা সুবিধাজনক বলে বিবেচিত হয়।

カレーは、インドの料理が、イギリスを経由して明治時代（1868-1912）に日本に入り、そのあと日本でオリジナルのスタイルになった料理です。日本のカレーは、インドやタイのカレーとは違い、小麦粉を使い、とろみがついているのが特徴です。ご飯にかけて、「カレーライス」として食べます。

日本人は平均して週に１度以上カレーを食べると言われています。定食屋、そば屋、牛丼屋など、たいていの飲食店ではカレーを食べることができます。日本でビュッフェスタイルの食事をすると、たいていメニューにカレーがあります。このように、カレーは日本では非常に人気があり、日本の「国民食」とも言われています。

市販のカレールーを使うと簡単に作ることができるので、自分で作ってみるのもいいでしょう。また、袋のままお湯に入れればできあがるレトルト食品もたくさん売られていますので、買っておくと、手をかけずに食事を作りたいときなどに便利です。

## ● 丼物（どんぶりもの）　দোনবুরি-মোনো (টপিং সহ ভাতের বাটি)

দনবুরি-মনো হল উপরে উপাদান স্থাপন করা এক বাটি ভাত। *গিউ-ডন*, কাৎসু ডন এর মতো করে, *ডনবুরি-মনোর* নাম প্রধান উপাদানের পরে ~*ডন* যোগ করে গঠন করা হয়। মূল পাঠ্যে থাকা *গিউ-ডন* ছাড়াও, টপিংয়ের উপর ভিত্তি করে আরও অনেক নামের ~*ডন* রয়েছে।

丼にご飯を入れ、その上に具材をのせた料理を丼物といいます。丼物は、「牛丼」「カツ丼」のように、うしろに「～丼」がついた品名で呼ばれます。本文に登場した牛丼以外にも、上に何をのせるかによって、さまざまな種類の「～丼」があります。

### ▶ 牛丼（ぎゅうどん）　গিউদোন (গরুর মাংসের বাটি)

এই ভাতের বাটির উপরে, পেঁয়াজ দিয়ে ভাজা ও নোনতা-মিষ্টি সস দিয়ে পাকানো গরুর মাংসের পাতলা টুকরো স্থাপন করা হয়। এটি মাঝে মাঝে লাল জারিত আদা দিয়েও পরিবেশন করা হয়। ইয়োশিনোয়া, মাতসুয়া এবং সুকিয়া এর মতো জাপানে বেশ কয়েকটি *গিউদোন* চেইন রেস্তোরাঁ রয়েছে। এই চেইন রেস্তোরাঁগুলিতে *কম দামে* গিউদোন উপভোগ করা যায় এবং এটি একটি জনপ্রিয় নৈমিত্তিক খাবার।













薄く切った牛肉とたまねぎを炒め、甘辛いつゆで味をつけ、ご飯にのせた丼です。紅ショウガをのせることもあります。日本には「吉野家」「松屋」「すき家」など、牛丼のチェーン店がいくつかあり、安い値段で牛丼を食べることができるので、気軽な食事として人気があります。


©The Japan Foundation

### ▶ カツ丼　কাৎসুদোন (শুয়োরের মাংসের কাটলেটের বাটি)



এই ভাতের বাটি উপরে সিদ্ধ করা *তোনকাৎসু* এবং পেঁয়াজ স্থাপন করা হয় এবং ডিমের সাথে পরিবেশন করা হয়। এটি বিশেষ *তোনকাৎসু* রেস্তোরাঁ এবং সেট খাবারের রেস্তোরাঁ ও সোবা রেস্তোরাঁর মতো অন্যান্য রেস্তোরাঁয় পাওয়া যায়।

豚カツをタマネギといっしょにつゆで煮込み、卵でとじたものをご飯にのせます。豚カツの店のほか、定食屋やそば屋などでもメニューにあります。

### ▶ 親子丼　ওইয়াকোদোন (মুরগি এবং ডিমের বাটি)



এটিও সেট খাবারের রেস্তোরাঁ এবং সোবা রেস্তোরাঁর একটি সাধারণ আইটেম। এটি মাঝে মাঝে *ইয়াকিতোরি* (গ্রিলড চিকেন) রেস্তোঁরাতেও পাওয়া যায়। এই ভাতের বাটির উপরে সিদ্ধ করা মুরগির মাংস ও সবুজ পেঁয়াজ বা পেঁয়াজ স্থাপন করে ডিমের সাথে পরিবেশন করা হয়। মুরগি ও ডিম ব্যবহার করা হয় বলে এর নামকরণ করা হয়েছে *ওইয়াকো* (পিতা-মাতা ও শিশু) করা হয়েছে। কিছু রেস্তোরাঁ মুরগির পরিবর্তে শুয়োরের মাংস বা গরুর মাংসের দিয়ে একই ধরনের ভাতের বাটি পরিবেশন করে। এটি হল *তানিনদোন* (তানিনের আক্ষরিক অর্থ "অসম্পর্কিত ব্যক্তি")।

これも、定食屋やそば屋で一般的なメニューです。焼き鳥の店で出されることもあります。鶏肉をネギ、またはタマネギといっしょにつゆで煮込み、卵でとじたものをご飯にのせた丼です。鶏肉と卵を使うことから、「親子」という名前がついています。鶏肉の代わりに豚肉や牛肉を使った「他人丼」をメニューに載せている店もあります。

### ▶ 海鮮丼　কাইসেনদোন (সামুদ্রিক খাবারের বাটি)



এই ভাতের বাটির উপর বিভিন্ন ধরণের সাশিমি স্থাপন করা হয়। সাশিমির প্রকারের উপর নির্ভর করে, *মাগুরো*-দোন(ভাতের বাটির উপর টুনা দিয়ে) বা *সাকে-ইকুরা-দোন* (ভাতের বাটির উপর স্যামন এবং সালমন রো দিয়ে ) ইত্যাদির মতো তাদের বিভিন্ন ধরণের নাম রয়েছে।

いろいろな刺身をご飯の上にのせて作る丼です。刺身の種類によって、「まぐろ丼」「鮭イクラ丼」等の名前がつくこともあります。

### ▶ 鰻丼　উনাদোন (বান মাছের বাটি)



ফালি করা বান মাছকে সয়া সসে রান্না করে ভাতের উপরে পরিবেশন করা হয়। উচ্চ-শ্রেণীর *উনাদোন* বার্ণিশ করা বাক্সে পরিবেশন করা হয় এবং একে *উনা-জুউ* বলা হয়। বান মাছের আকারের উপর নির্ভর করে, এগুলিকে মাঝে মাঝে 松 (পাইন), 竹 (বাঁশ), এবং 梅 (বরই). ক্যাটেগরিতে ভাগ করা হয়। সাধারণত, সর্বোচ্চ থেকে সর্বনিম্ন র্যাঙ্কিংয়ের ক্রম হল 松, 竹, 梅। সর্বোচ্চ শ্রেণী সাধারণত 松 হয়ে থাকে (তবে রেস্তোরাঁর উপর নির্ভর করে এটি পরিবর্তিত হতে পারে)। বিশেষ রেস্তোরাঁয় খাওয়া হলে বান মাছ বেশ ব্যয়বহুল হতে পারে, তবে *গিউদোন* চেইন রেস্তোরাঁর মতো জায়গায় কম দামে খাওয়া যায়।

জাপানে, গ্রীষ্মের মাঝামাঝি সময়ে ষাঁড়ের দিনে বান মাছ খাওয়ার প্রথা রয়েছে এবং অনেকে এই দিনে *উনাদোন* বা *উনা-জু* খেয়ে থাকে।

鰻の蒲焼きをご飯にのせて食べます。高級なものは、丼の代わりに重箱を使い、「鰻重」という名前になります。鰻の大きさなどによって「松」「竹」「梅」というランクがつけられていることもあります。この場合、一般的には松>竹>梅の順位で、松がいちばんランクが高いのが普通です（ただし、店によって異なる場合もあります）。鰻は専門店で食べるとかなり高い料理ですが、牛丼のチェーン店などで比較的安く食べることもできます。

日本では夏の「土用の丑の日」に鰻を食べる習慣があり、この日にはたくさんの人が鰻丼や鰻重を食べます。


©The Japan Foundation

## 外国人(がいこくじん)の苦手(にがて)な日本(にほん)の食(た)べ物(もの) জাপানি খাবার যা বিদেশীরা প্রায়ই অপছন্দ করে

আপনার দেশে বিদেশীরা প্রায়ই অপছন্দ করে এমন কোন খাবার আছে কি? জাপানে, বিদেশীরা প্রায়শই মূল পাঠ্যে আবির্ভূত হওয়া *নাত্তো*ও *উমেবোশি*, পাশাপাশি মূল পাঠ্যের *ইজাকায়া* মেনুতে আবির্ভূত হওয়া *শিওকারা* খেতে পারে না বা অপছন্দ করে। অবশ্যই, প্রত্যেকের আলাদা আলাদা স্বাদ রয়েছে এবং খেতে পারা খেতে না পারা বস্তু ব্যক্তি বিশেষে ভিন্ন ভিন্ন রকম হয়ে থাকে। সুযোগ থাকলে নিচের কিছু খাবার খাওয়ার চেষ্টা করে দেখুন না কেন?

みなさんの国の食べ物の中には､外国人から苦手だと言われる食べ物がありますか? 本文に登場した「納豆」と「梅干し」､居酒屋メニューにあった「塩辛」は、外国人から「食べられない」「苦手」という声がよく聞かれる日本の食べ物です。もちろん好みは人それぞれですし、食べられるものも食べられないものも人によってさまざまです。機会があれば、試してみてください。

### ▶ 納豆(なっとう) নাত্তো



*নাত্তো* সয়াবিন থেকে গাঁজন প্রক্রিয়ার মাধ্যমে তৈরি করা হয় এবং এটির অনন্য গন্ধ এবং আঠালো সুতার মতো বৈশিষ্ট্য আছে। এটি একটি প্রচলিত জাপানি সকালের নাস্তা হলেও *নাত্তোকে অপছন্দ করা অনেক জাপানি লোক রয়েছে।* বিশেষ করে কানসাই অঞ্চলের লোকেরা *কান্তো অঞ্চলের লোকদের তুলনায় নাত্তো* কম খেয়ে থাকে। এটি বিদেশীরা অপছন্দ করা জাপানি খাবারের একটি সাধারণ উদাহরণ হিসাবে বিবেচিত হয়ে থাকে বিধায়, বিদেশী কর্তৃক *নাত্তো পছন্দ করা হয় বলা হলে, জাপানিরা মুগ্ধ ও বিস্মিত হয়ে থাকে।*

納豆は大豆を発酵させて作った食品で、独特のにおいと、糸を引く粘りがあります。日本の朝食のメニューとして一般的な食品ですが、日本人でも、納豆が苦手な人は多いです。特に、関西の人は、関東の人と比べると、あまり納豆を食べません。「外国人が苦手な日本の食べ物」の典型として考えられているので、外国人が「納豆が好き」というと、感心したり驚いたりする日本人もいるでしょう。

### ▶ 梅干(うめぼ)し উমেবোশি



*উমেবোশি* লবণে বরই ফলের আচার করে তৈরি করা হয় এবং এটি অত্যন্ত টক হয়ে থাকে। ভাতের বল, লাঞ্চ বক্স এবং *ওচাজুকে* (চাতে সিদ্ধ করা ভাত) যোগ করা হয়। এটি একটি জনপ্রিয় স্বাস্থ্যকর খাবারও বটে। তবে, এটির টক স্বাদের কারণে কিছু লোক এটি অপছন্দ করে থাকে।

梅干しは梅の実を塩漬けにして作った食品で、非常に酸っぱいのが特徴です。おにぎり、お弁当、お茶漬けなどに使われ、健康食品としても人気がありますが、その酸っぱさのため、苦手という人もいます。

### ▶ 塩辛(しおから) শিওকারা



ভিতরের অংশ সহ স্কুইডের মতো সামুদ্রিক খাবার কেটে, লবণে আচার করার পরে গাঁজন করে *শিওকারা* তৈরি করা হয়। এটি ভাতের উপরে পরিবেশন করা হয় বা অ্যালকোহলযুক্ত পানীয়ের সাথে স্ন্যাক হিসাবে খাওয়া হয়। *শিওকারা* অপছন্দ করে এমন বিদেশীরা প্রায়ই বলে থাকে যে এটি খুব নোনতা, দেখতে অভক্তি লাগে বা এতে ভিতরের অংশ থাকায় খাওয়া অসম্ভব।

塩辛は、イカなど魚介類の身を内臓と合わせて刻み、塩漬けにして発酵させて作ります。ご飯にのせて食べたり、お酒のつまみとして食べたりします。塩辛が嫌いな外国人からは､「味がしょっぱすぎる」「見た目が気持ち悪い」「内臓というだけで無理」などの感想が聞かれます。


©The Japan Foundation

## 日本酒（にほんしゅ） জাপানি সাকে



জাপানি সাকে চাল থেকে তৈরি করা হয়। সমগ্র জাপান জুড়ে বিভিন্ন ব্র্যান্ডের জাপানি সাকে তৈরি করার কারখানা রয়েছে। অ্যালকোহলের পরিমাণ সাধারণত ১৪% থেকে ১৬% হয়ে থাকে। জাপানি ভাষায়, お酒（さけ） বলতে মাঝে মাঝে জাপানি সাকে বোঝায়, এবং মাঝে মাঝে কোনো অ্যালকোহলযুক্ত পানীয়কে বোঝায়।

চাল, মাল্টেড চাল এবং পানি থেকে, কোন কৃত্রিম অ্যালকোহল ছাড়াই বিশুদ্ধভাবে তৈরি জাপানি সাকেকে জুনমাই -শু বলা হয়। ভালোভাবে পালিশ করা চাল থেকে তৈরি করা এবং এর বাইরের স্তরটি সরিয়ে, চালের মূল অংশটি রেখে দেওয়া জাপানি সাকেকে গিঞ্জিউ -শু বলা হয়। যেখানে জুনমাই-শু এর একটি মিষ্টি স্বাদ রয়েছে, অন্যদিকে গিঞ্জিউ-শু এর ফলের সুগন্ধের জন্য পরিচিত রয়েছে।

জাপানি সাকের স্বাদ আমাকুচি (মিষ্টি) বা কারাকুচি (শুকনো) হতে পারে। উচ্চ-মাত্রার চালযুক্ত জাপানি সাকে হল আমাকুচি, এবং উচ্চ অ্যালকোহলযুক্ত মসৃণ জাপানি সাকে হল কারাকুচি। এছাড়াও জাপানি সাকে পান করার বিভিন্ন উপায় রয়েছে। রেইশু (ঠান্ডা সাকে) হিসাবে ঠাণ্ডা বা আতসুকান (গরম সাকে) হিসাবে উষ্ণ সাকে পরিবেশন করা যেতে পারে।

জাপানিজ সাকে কনভেনিয়েন্স স্টোরেও বিক্রি করা হয় এবং *ইজাকায়াতেও* এটি উপভোগ করা যায়। সম্প্রতি, সারা দেশের সাকে বিক্রি করা অনেক জাপানি সাকে বার রয়েছে।

日本酒は米から作られます。日本各地に酒蔵があり、日本全国でさまざまな銘柄の日本酒が造られています。アルコールの度数はだいたい 14 ～ 16% ぐらいです。日本語で「お酒」というときは、この日本酒のことを指す場合と、アルコール飲料全体を指す場合があります。

人工的なアルコールを使わないで、米と米麹と水だけから作った日本酒を「純米酒」といいます。また原料の米を削り、米の芯の部分を使って作った日本酒を「吟醸酒」といいます。純米酒は、まろやかな味わい、吟醸酒はフルーティーな香りが特徴です。

日本酒の味は「甘口」か「辛口」かに分けられます。米の成分が多く残った日本酒が「甘口」、アルコールの比率が高くさらっとした日本酒が「辛口」です。また飲み方は、冷やして飲むのが「冷酒」、温めて飲むのが「熱燗」です。

日本酒はコンビニでも売られていますし、居酒屋でも飲むことができます。最近は、日本全国の日本酒を集めた「日本酒バー」も各地にできています。

## 日本（にほん）の朝食（ちょうしょく） জাপানি সকালের নাস্তা



একটি সাধারণ জাপানি সকালের নাস্তার মধ্যে ভাত, মিসো স্যুপ, ভাজা মাছ, ডিম, শুকনো সামুদ্রিক শৈবাল, *নাত্তো* এবং আচারের মতো খাবার রয়েছে। তবে, অল্পসংখ্যক মানুষ প্রতিদিন এই ধরনের সকালের নাস্তা খেয়ে থাকে। পরিবর্তে, কিছু লোক রুটি এবং ডিমের মতো পাশ্চাত্য স্টাইলের সকালের নাস্তা খেয়ে থাকে। সাধারণ সকালের নাস্তা খাওয়ার মতো মানুষও অনেক রয়েছে। উদাহরণস্বরূপ, তারা শুধুমাত্র সিরিয়াল বা দই খায় অথবা কনভেনিয়েন্স স্টোর থেকে একটি স্যান্ডউইচ ক্রয় করে। সকালের নাস্তা না খাওয়া মানুষ রয়েছে।



মিসো স্যুপ হল, স্যুপ স্টকে মিসো রান্না করে তৈরি একটি স্যুপ। এতে *তোফু*, ওয়াকামে সামুদ্রিক শৈবাল এবং মূলার মতো উপাদান অন্তর্ভুক্ত থাকে। চামচ দিয়ে মিসো স্যুপ পান করা হয় না। পরিবর্তে, হাতে বাটি ধরে, বাটি থেকে সরাসরি পান করা হয়। মিসো বাটির নীচে ডুবে থাকলে পান করার আগে, চপস্টিক দিয়ে স্যুপটি হালকাভাবে নাড়া হয়।

সকালের নাস্তায় প্রায়ই কাঁচা ডিমও খাওয়া হয়। পৃথিবীতে এমন খুব বেশি দেশ নেই, যেখানে ডিম কাঁচা খাওয়া হয়। বিদেশীদের ধারণা কাঁচা ডিম খেলে অসুস্থ হয়ে পড়তে হয়। তবে, কাঁচা খাওয়ার জন্য জাপানে ডিম পরিষ্কার ও প্রক্রিয়াজাত করা হয় বিধায় সেগুলি তাজা হলে কাঁচা খাওয়া নিরাপদ। কাঁচা ডিম


©The Japan Foundation

প্রায়শই সয়া সস বা ঝোলের সাথে মেশানো হয়, তারপর ভাতের উপর ঢেলে *তামাগো-কাকে-গোহান* (পাকানো কাঁচা ডিমের সাথে মেশানো সাদা চাল) হিসাবে খাওয়া হয়। *তামাগো-কাকে-গোহান* শুধু সকালের নাস্তায় নয়, মদ্যপানের পরেও খাওয়া হয়। এটি মাঝে মাঝে *ইজাকায়া* মেনুতে "TKG" হিসাবে লেখা হয়।

典型的な日本の朝食は、ご飯と味噌汁、焼き魚、卵、のり、納豆、漬け物などです。しかし、今ではこのような朝食を毎日食べる人は、少なくなりました。逆に、パンと卵などの西洋風の朝食を食べる人が増えています。朝食を簡単に済ませる人も多く、シリアル、ヨーグルトなどで済ます人や、コンビニでサンドイッチを買って朝食にする人などもいます。朝食を食べない人もいます。

味噌汁は、だしをとり、味噌を溶かしたスープです。豆腐、わかめ、大根などの具を入れます。飲むときはスプーンを使わないで、お椀を手に持って、口の近くに持っていって飲みます。味噌が沈んでいる場合は、箸で軽くかき混ぜてから飲みます。

朝食には、生卵を食べることもよくあります。世界で、卵を生のまま食べる国は、あまり多くないようです。外国の人にとっては、「食べたら病気になりそう」というイメージが先行する場合もあります。しかし、日本の卵は生で食べることを前提として洗浄、殺菌が行われているので、古い卵でなければ生で食べても安全です。生卵は、しょうゆ（または出し汁）と混ぜ、ご飯にかけた「卵かけご飯」にして食べることが多いです。「卵かけご飯」は、朝食だけではなく、お酒を飲んだあとに食べることもあります。居酒屋のメニューなどでは「TKG」と書かれることもあります。


©The Japan Foundation